দামুড়হুদায় ৪৬ বোতল ফেনসিডিলসহ নারী আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৪৬ বোতল ফেনসিডিলসহ লাইলী খাতুন নামে একজনকে আটক করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান শেখ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে গত শনিবার দিনগত গভীর রাতে কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের স্কুল পাড়ায় লাইলী খাতুনের বাড়িতে অভিযান চালিয়ে বসতবাড়ীর পূর্বদূয়ারী পাকা বসতঘরের শয়ন কক্ষের মধ্যে থেকে ৪৬ বোতল ফেন্সিডিল সহ একজনকে আটক করে।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের স্কুল পাড়ার আরশাদ আলীর স্ত্রী লাইলী খাতুন (৫৫)।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেনসিডিল সহ একজন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আসামির বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মিরাজকে জার্সি উপহার দিলেন কোহলি

ঢাকা টেস্টে তৃতীয় দিনের শেষ বিকেলে মিরাজের বলে আউট হয়েছিলেন ভারতের বিরাট কোহলি। আউট হয়ে সাজঘরে ফেরার পথে বাংলাদেশের উদযাপন পছন্দ হয়নি কোহলির। নিজের রাগ প্রকাশ করে ফিরে গিয়েছিলেন সাজঘরে। তবে ম্যাচ শেষে সেই কোহলি নিজের জার্সি উপহার দিলেন বাংলাদেশের অলরাউন্ডার মেহেদী মিরাজকে।

নিজের ১৮ নাম্বার জার্সিতে শুভকামনা জানিয়ে অটোগ্রাফ দিয়ে মিরাজের হাতে তুলে দেন কোহলি। কোহলির হাত থেকে জার্সি পাওয়ার মুহূর্ত নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট করে মিরাজ লিখেন, ‘অন্যতম সেরা ক্রিকেটার বিরাট কোহলির কাছ থেকে বিশেষ স্মারক।

বাংলাদেশ ৩ উইকেটে ম্যাচ হারলেও উজ্জ্বল ছিলেন মিরাজ। দ্বিতীয় ইনিংসে বল হাতে ৫ উইকেট নেন এই স্পিনার। এর আগে ভারতের ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজে ব্যাটে বলে অনবদ্য পারফরম্যান্স করে হয়েছিলেন সিরিজ সেরা।

সূত্রঃ ইত্তেফাক

মুজিবনগরের হেরোইন সহ একজন আটক

মুজিবনগর ৫ গ্রাম হেরোইন সহ রিংকু মিয়া নামে এক ব্যক্তিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গত শনিবার রাত্রে মুজিবনগর থানা অফিসার ইনচার্য মেহেদী রাসেল, এর নেতৃত্ত্বে এসআই উত্তম কুমার, এসআই সাহেব আলী সঙ্গীয় ফোর্স এর সহায়তায় মুজিবনগর থানাধীন বিদ্যাধরপুর গ্রামস্থ জনৈক নিয়ত এর বসত বাড়ির উঠানে অভিযান পরিচালনা করে ০৫ গ্রাম হেরোইন সহ রিংকু মিয়াকে (২২) আটক করে।

রিংকু মিয়া মেহেরপুর সদর উপজেলার নবীনগর খালপাড়ার আবু সিদ্দিক এর ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করে গতকাল বরিবার কোর্টে প্রেরণ করা হয়েছে ।

মুজিবনগরে ঐতিহ্যবাহী সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন

মুজিবনগরে শুভ বড়দিন উপলক্ষে সপ্তাহব্যাপী ঐতিহ্যবাহী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে মুজিবনগর উপজেলার বল্লভপুর ফুটবল খেলার মাঠে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন জাতীয় পতাকা উত্তোলন, মশাল প্রজ্বোলন এবং শান্তির প্রতিক পায়রা উড়িয়ে ঐতিহ্যবাহী সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করেন। পরে মেলা প্রাঙ্গণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

অনুষ্ঠানে বিনিময় বিশ্বাস ও লুকহরেন্দ বিশ্বাস এর সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক,জেলা পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম,উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস,মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল,মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, বাগোয়ান ৬ নম্বর ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, খ্রিস্টীয় আনন্দ উৎসব কমিটির সম্পাদক মি: মাইকেল তপু বিশ্বাস।

অনুষ্ঠানের মাঝে মাঝে দেশাক্তবোধক গান ও রবিন্দ্র সংগীত এর তালে তালে নৃত্য পরিবেশন করেন বল্লভপুর গ্রামের কিশোর কিশোরিরা। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

বিমানবন্দরে ফটোগ্রাফারদের কাছে যে আবেদন সোনম কাপুরের

হাতে তেমন ছবি নেই অনিল কাপুরের বড় মেয়ে সোনম কাপুরের। চলতি বছর আগস্ট মাসেই পুত্রসন্তানের জন্ম দিয়েছেন তিনি। তাই এই ফাঁকে নিজের মাতৃত্ব উপভোগ করছেন সোনম।

শিল্পপতি আনন্দ আহুজাকে বিয়ে করার পর থেকে লন্ডনেই সংসার পেতেছেন সোনম। যে কারণে মোটামুটি মুম্বাই-লন্ডন যাতায়াত লেগেই থাকে তার। সদ্য অনিল কাপুরের ৬৬তম জন্মদিন উপলক্ষ্যে একজোট হয়েছিল গোটা কাপুর পরিবার।

বাবার জন্মদিন উদ্যাপনের পরই সম্ভবত লন্ডন ফিরে যাচ্ছিলেন সোনম। বিমানবন্দরে ঢোকা মাত্রই ফটোগ্রাফারদের ক্যামেরার ঝলকানি। হাতজোড় করে অনুরোধ করলেন ছেলে ‘বায়ু’র ছবি না তোলার জন্য।

ভারতীয় সংবাদমাধ্যমে বলা হয়, বিমানবন্দরে পৌঁছানো মাত্র ফটোগ্রাফারদের উদ্দেশে সোনম বলেন, আমার ছেলে বায়ু আসছে, অনুরোধ করছি, কেউ ছবি তুলবেন না।

তবে ফটোগ্রাফারদের প্রতি এমন অনুরোধ সোনম শুধু একা করেছেন তেমনটি নয়, এর আগে বিরাট-আনুশকাকেও মেয়ের ছবি তোলার বিষয়ে এমন সতর্কতা অবলম্বন করতে দেখা গেছে।

হাতে তেমন ছবি নেই অনিল কাপুরের বড় মেয়ে সোনম কাপুরের। চলতি বছর আগস্ট মাসেই পুত্রসন্তানের জন্ম দিয়েছেন তিনি। তাই এই ফাঁকে নিজের মাতৃত্ব উপভোগ করছেন সোনম।

শিল্পপতি আনন্দ আহুজাকে বিয়ে করার পর থেকে লন্ডনেই সংসার পেতেছেন সোনম। যে কারণে মোটামুটি মুম্বাই-লন্ডন যাতায়াত লেগেই থাকে তার। সদ্য অনিল কাপুরের ৬৬তম জন্মদিন উপলক্ষ্যে একজোট হয়েছিল গোটা কাপুর পরিবার।

বাবার জন্মদিন উদ্যাপনের পরই সম্ভবত লন্ডন ফিরে যাচ্ছিলেন সোনম। বিমানবন্দরে ঢোকা মাত্রই ফটোগ্রাফারদের ক্যামেরার ঝলকানি।

হাতজোড় করে অনুরোধ করলেন ছেলে ‘বায়ু’র ছবি না তোলার জন্য।

ভারতীয় সংবাদমাধ্যমে বলা হয়, বিমানবন্দরে পৌঁছানো মাত্র ফটোগ্রাফারদের উদ্দেশে সোনম বলেন, আমার ছেলে বায়ু আসছে, অনুরোধ করছি, কেউ ছবি তুলবেন না।

তবে ফটোগ্রাফারদের প্রতি এমন অনুরোধ সোনম শুধু একা করেছেন তেমনটি নয়, এর আগে বিরাট-আনুশকাকেও মেয়ের ছবি তোলার বিষয়ে এমন সতর্কতা অবলম্বন করতে দেখা গেছে

সূত্র: যুগান্তর

ঢাকায় নিয়োগ দেবে ডিবিএল গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ডিবিএল গ্রুপ। প্রতিষ্ঠানটিতে ‘জুনিয়র এক্সিকিউটিভ’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে সহজেই আবেদন করতে পারবেন।

পদের নাম

জুনিয়র এক্সিকিউটিভ – অ্যাকাউন্টস অ্যান্ড ফাইন্যান্স।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমে স্নাতক ও স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হলে অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীদের কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতা ছাড়াও আবেদন করার সুযোগ আছে। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। এমএস অফিস, এমএস এক্সেলের কাজে দক্ষ হতে হবে। যোগাযোগ দক্ষতা থাকতে হবে। চাপ সামলে কাজের আগ্রহ থাকতে হবে। উপস্থাপনার কৌশল সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

কর্মস্থল

ঢাকা।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

৩১ ডিসেম্বর, ২০২২।

সূত্র : বিডিজবস

কোটচাঁদপুর ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির কর্মী গ্রেফতার

ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির নেতা-কর্মীকে গ্রেফতার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

গতকাল শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে গ্রেফতার করেছেন তাদেরকে। মামলায় সংশ্লিষ্টতা ছাড়া নিরীহ মানুষকে হয়রানি করা হবে না বললেন,মামলার তদন্তকারি কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল বুধবার (০৭-১২-২২) তারিখ রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কামরুল হাসান (কাকন) বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা

করেন। যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। ওই মামলায় পুলিশ শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালান। এ সময় থানা পুলিশ ৬ বিএনপি নেতা-কর্মীকে গ্রেফতার করেন।

এরমধ্যে রয়েছে কোটচাঁদপুর পৌরসভার দুধসরা গ্রামের জয়নাল হোসেনের ছেলে কাউন্সিলর আবু হানিফ, ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,উপজেলার গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেলে মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,ইকড়ার শমসের মন্ডলের ছেলে ইব্রাহিম মন্ডল,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান, বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান বলেন,ওই মামলায় ৬ জনকে আটক করা হয়েছে। মামলায় এজাহার ভুক্ত কোন আসামি নাই। সবাই অজ্ঞাত। মামলার আসামি গ্রেফতার অভিযান চলমান রয়েছে।

তিনি আরো বলেন, মামলার সংশ্লিষ্টতা ছাড়া কোন নিরীহ মানুষকে এ মামলায় হয়রানি করা হবে না।

আজ গানে গানে সঞ্জীবকে স্মরণ করবে ভক্তরা

প্রয়াত সংগীতশিল্পী সঞ্জীব চৌধুরীর জন্মদিন আজ। দিনটি উদযাপন করবে তার গানের সতীর্থ ও ভক্তরা। এ উপলক্ষে আয়োজন করা হয়েছে ‘সঞ্জীব উৎসব’। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে একাদশবারের মতো হবে এ উৎসব।

বিকেল ৪টায় শুরু হওয়া এ উৎসবে গান গাইবেন- লিমন, লাবিক কামাল গৌরব, জয় শাহরিয়ার, আরমীন মুসা, বাংলা ফাইভ, সন্ধি, সালেকীন, শুভ্র, রিয়াদ হাসান, সাহস মোস্তাফিজ, সুহৃদ স্বাগত, দুর্গ, কোলস্লো, অর্ঘ্য, রাফসান, লিসান, পলাশ, পিজু ও ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংসদ।

এ আয়োজনে সার্বিক সহযোগিতা করছে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক

সংসদ, ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যান্ড সোসাইটি ও আজব কারখানা।

‘আমি তোমাকেই বলে দেব’, ‘তোমার ভাঁজ খোলো’, ‘চাঁদের জন্য গান’, ‘স্বপ্নবাজি’,‘গাড়ি চলে না’, ‘বায়োস্কোপ’, এ রকম কালজয়ী গানের জন্য জনপ্রিয় হয়ে উঠেন সঞ্জীব চৌধুরী। তিনি ছিলেন জনপ্রিয় ব্যান্ড ‘দলছুট’এর অন্যতম প্রতিষ্ঠাতা। দলছুটের চারটি অ্যালবামে কাজ করার পাশাপাশি অনেক গান রচনা ও সুর দিয়েছেন তিনি।

১৯৬৪ সালের ২৫ ডিসেম্বর হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলার মাকালকান্দি গ্রামে জন্মগ্রহণ করেন এই শিল্পী। ২০০৭ সালের ১৯ নভেম্বর তিনি শেষনিশ্বাস ত্যাগ করেন।

সূত্র: ইত্তেফাক

দর্শনা বন্দর পরিদর্শনে ভারতীয় সহকারী হাইকমিশনার মনোজ কুমার

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট দিয়ে শিঘ্রই বাংলাদেশ ও ভারতের মধ্যে যাতায়াত ব্যবস্থা চালু করা হবে বলে জানিয়েছেন ভারতীয় সহকারী হাইকমিশনার বাংলাদেশে নিযুক্ত মনোজ কুমার।

তিনি দর্শনা আন্তজার্তিক চেকপোষ্টে পৌছালে তাকে ফুলেল শুভাচ্ছা জানান উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এসআই নাইম শেখ ও দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম ও দর্শনা পৌর প্রবীন কমিটির সভাপতি অবসরপ্রাপ্ত অধ্যক্ষ মোশারফ হোসেন।

এসময় তিনি বলেন, ‘আমি দর্শনা স্থলবন্দর চেকপোস্টের সব কিছু পরিদর্শন করলাম। এখানে কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছি। সবার মতামত নিয়েছি। খুব শিঘ্রই এ বন্দর দিয়ে যাতায়াত চালুর জন্য ব্যবস্থা নেওয়া হবে।’ শনিবার দুপুর ১২ টার দিকে দর্শনা স্থলবন্দর

চেকপোস্ট পরিদর্শন করেন মনোজ কুমার। এর পর দর্শনা বন্দরের ইমিগ্রেশন ও কাস্টম অফিস পরিদর্শন করেন তিনি। দর্শনা বন্দর পরিদর্শনের আগে কুষ্টিয়াতে ভারতীয় ভিসা সেন্টারের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেন সহকারী হাইকমিশনার মনোজ কুমার।

এ ভিসা সেন্টারটি কুষ্টিয়া, পাবনা, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গাসহ এ অঞ্চলের মানুষের জন্য নির্মিত হচ্ছে। এ সেন্টারটি চালু হলে ভারতীয় ভিসার জন্য এ অঞ্চলের মানুষকে আর রাজশাহীতে যেতে হবে না বলেও জানান তিনি। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু জানান, হাইকমিশনার দর্শনা বন্দর দিয়ে দুদেশের মধ্যে যাতায়াত চালু করার কথা দিয়েছেন। এ জন্য তিনি পরিদর্শন করেছেন। বন্দর পরিদর্শন শেষে সহকারী হাইকমিশনার মেহেরপুরের উদ্দেশে রওনা দেন।

সহকারী হাইকমিশন মনোজ কুমারের সঙ্গে উপস্থিত ছিলেন, তিনার সহধর্মিনী রোজী কুমার ও অফিসিয়াল কর্মকর্তা পাপন রায়। এ সময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, বিজিবির আইসিপি কমান্ডার আব্দুল জলিল, ইমিগ্রেশন ইনচার্জ এসআই নাঈম শেখ, কাস্টম কর্মকর্তা নাজমুল হক ও রাশেদুজ্জামান।

পরিদর্শন শেষে বৈধ পথে সহকারী হাই কমিশনার মনোজ কুমারসহ তিন সদস্যর একটি প্রতিনিধি দল দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারতে যান।এর ১ ঘন্টা পরে ভারত থেকে আবার দর্শনা চেকপোষ্ট দিয়ে ফিরে আসেন।

মুজিবনগর হাই স্কুলের এসএসসি ৯৭ ব্যাচের রজতজয়ন্তীতে বন্ধু

মিলনমেলা

এসএসসি ৯৭ ব্যাচের রজতজয়ন্তীতে আনন্দ র্যালি, স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, শিক্ষকদের সংবর্ধনা, স্মৃতিচারণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দীর্ঘ ২৫ বছর পর মুজিবনগর হাই স্কুলের বন্ধুদের নিয়ে মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে।

২৪শে ডিসেম্বর শনিবার মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে জেলা পরিষদ ডাক বাংলো সূর্যোদয়ের সামনে জাঁকজমকপূর্ণভাবে ৯৭ ব্যাচের রজতজয়ন্তী ও মিলন মেলা উদযাপন করা হয়।

সকাল সাড়ে নয়টায় রজতজয়ন্তী উদযাপনের শুরুতে জেলা পরিষদ ডাকবাংলোর সামনে থেকে একটি আনন্দ র্যালী বের হয়ে মুজিবনগর স্মৃতিসৌধের পাদদেশে গিয়ে শেষ হয়।

সেখানে মুজিবনগর হাই স্কুল ৯৭ ব্যাচের পক্ষ থেকে মহান মুক্তিযুদ্ধ সহ স্বাধীন বাংলাদেশ বিনির্মাণের যে সকল বীর শাহাদত বরণ করেছেন সেই সকল শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়।

র্যালি ও শ্রদ্ধাঞ্জলি অর্পণে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, ৯৭ ব্যাচ মুজিবনগর হাই স্কুল এর কার্যনির্বাহী কমিটির সভাপতি অ্যাডভোকেট রেজাউল ইসলাম, সাধারণ সম্পাদক সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান (শের খান), সহ-সভাপতি মোখলেসুর রহমান মুকুল খালেদুজ্জামান, সহ-সাধারণ সম্পাদক শাহজাহান গাজী মঞ্জুরুল ইসলাম রাজা, কোষাধক্ষ ওবায়দুর রহমান, গোলাম মোস্তফা সাহেব। উপস্হিত ছিলেন, চঞ্চল, আব্দুর রশিদ আব্দুস সালাম মিলন, মমতাজসহ মুজিবনগর হাইস্কুলের এসএসসি ৯৭ ব্যাচের শতাধিক বন্ধু বান্ধবী।

পুষ্পস্তবক অর্পণ শেষে বন্ধু হাসান মুস্তাফিজুর রহমান শের খান ও মাহফুজা সীমার সঞ্চালনায় এবং কার্যনির্বাহী কমিটির সভাপতি অ্যাডভোকেট রেজাউল ইসলামের সভাপতিত্বে শুরু হয় অনুষ্ঠানের মূলপর্ব। মূল পর্বে শ্রদ্ধেয় শিক্ষকদের সম্মাননা ও উপহার সামগ্রী প্রদান করা হয় এবং বন্ধু বান্ধবীদের নতুন করে পরিচয় পর্ব অনুষ্ঠিত হয় দুপুরে খাওয়া-দাওয়া শেষে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

সবশেষে সকল বন্ধুদের উপহার সামগ্রী প্রদানের মধ্য দিয়ে এবং আগামীতে বন্ধু মিলন মেলা আরও সুন্দর ও প্রাণবন্ত করার অঙ্গীকারের মধ্য দিয়ে শেষ হয় বন্ধু ৯৭ ব্যাচের বন্ধু মিলনমেলার রজতজয়ন্তী উদযাপন।